

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৬.১৯.১৪৮

তারিখ: ৭ ভাদ্র ১৪২৬

২২ আগস্ট ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৫৯৫৩/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৬.০৬.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ নুরুসসাফা কাদেরী, পিতা: মোহাম্মদ রফিক, সহকারী সুপার, আহমাদিয়া তাইয়েবিয়া সুন্নিয়া দাখিল মাদরাসা, মহেশখালি, কক্সবাজার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৯৫৩/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশটি পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মোহাম্মদ নুরুসসাফা কাদেরী বিগত ২৩.০২.১৯৯৮ খ্রি: তারিখ থেকে আহমাদিয়া তাইয়েবিয়া সুন্নিয়া দাখিল মাদরাসা, মহেশখালি, কক্সবাজার-এ সহ সুপার পদে দায়িত্ব পালন করছেন। কিন্তু তার নামটি সহ সুপার হিসেবে এমপিওভুক্ত হয়নি। সহ সুপার হিসেবে এমপিওভুক্তির দাবীতে গত ১৭.০৪.২০১৯ খ্রি: তারিখে আবেদন করা হয়েছে। তার আবেদনের বিষয়ে কার্যক্রম গ্রহণের দাবীতে এবং সহ সুপার হিসেবে তার নাম এমপিওভুক্তির দাবীতে রিট পিটিশন নং-৫৯৫৩/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।


০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে ২ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন নং-৫৯৫৩/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৬ জুন, ২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ জারি করা হয়েছে:

“Pending hearing of the Rule, respondent No.4 is directed to dispose of petitioner’s said application 17.04.2019 (Annexure-G), in accordance with law, within a period of 60 (sixty) days from receipt of the copy of this order.”

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী আর্জিতে বর্ণিত ১৭.০৪.২০১৯ খ্রি: তারিখের আবেদনটি (Annexure-G হিসেবে) নিষ্পত্তিক্রমে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জবুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে দাখিলকৃত আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তিক্রমে রিট পিটিশন নং-৫৯৫৩/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ১৮.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২২-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৬.১৯.১৪৮/১(৭)

তারিখ: ৭ ভাদ্র ১৪২৬
২২ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২২-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)